



জুলাই-আগস্টের হত্যা মামলায় সাবেক এমপি বদির ছয় মাসের জামিন



সংগৃহীত ছবি

জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলনের সময় দায়ের হওয়া হত্যা মামলায় কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ) আসনের সাবেক সংসদ সদস্য আবদুর রহমান বদিকে ছয় মাসের জামিন দিয়েছেন হাইকোর্ট।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বিচারপতি মোহাম্মদ কামরুল হোসেন মোল্লা ও বিচারপতি ফয়সাল হাসান আরিফের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

গত বছরের ২০ আগস্ট চট্টগ্রামের পাঁচলাইশ এলাকা থেকে র্যাব তাকে গ্রেপ্তার করে। অভিযোগ রয়েছে, আন্দোলন চলাকালে সংঘটিত হত্যাকাণ্ড ও হত্যাচেষ্টার ঘটনায় তিনি সম্পৃক্ত ছিলেন। এসব অভিযোগে তার বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।

এদিকে, টেকনাফের আলোচিত কাউন্সিলর একরাম হত্যা মামলাও তার বিরুদ্ধে বিচারাধীন রয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে।

LENS ASIA